

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

আরবী

وَعَنْ سَلَمَةَ ابْنِ الْمَحْبُقِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةِ تَبُوكِ أَتَى عَلَى
بَيْتٍ فَإِذَا قِرَيْتُهُ مُعْلَقَةً فَسَأَلَ الْمَاءَ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا مَيْتَةٌ: «فَقَالَ دِبَاغُهَا
طَهُورُهَا» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤِدُ

বাংলা

৫১১-[২২] সালামাহ ইবনুল মুহাবিক (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, তাবুকের যুদ্ধের সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি পরিবারের নিকট গেলেন। সেখানে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একটি মশক লটকানো দেখতে পেলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) (তাখেকে) পানি চাইলেন। লোকেরা বলল, হে আল্লাহর রসূল! এটা তো মরা (জন্মের পাকা করা) চামড়া। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এটাকে দাবাগত করাই হলো এর পবিত্রতা। (আহমাদ ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৪১২৫, আহমাদ ১৫৯০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তাবুক যুদ্ধে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি বাড়ির লটকানো মশকের কাছে এসে পানি চাইলেন। লোকেরা বলল, ইয়া রসূলুল্লাহ! মশকটি মৃত পশুর থেকে তৈরি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ সেটা রং করায় পবিত্র হয়ে গেছে। ইমাম খাত্বাবী (রহঃ) বলেনঃ এ হাদীসটি প্রমাণ করে যে, মৃত কিংবা জীবিত পশুর চামড়া রং করলে পবিত্র হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

ପାବଲିଶାରଙ୍ଗ ହାଦିସ ଏକାଡେମୀ

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55069>

₹ ହାଦିସବିଭିନ୍ନ ପ୍ରଜେଷ୍ଠ ଅନୁଦାନ ଦିନ